



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৯১৮/ক/অনু:/১৮(অংশ-১)/২১৩

তারিখ: ২৬/০৭/১৮

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর তুরাগ এলাকায় অবস্থিত 'কামাড়াপাড়া স্কুল এন্ড কলেজ' এর সিনিয়র সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আনোয়ারুল সিদ্দিক এর বিরুদ্ধে আনিত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক তাকে প্রাপ্য বকেয়া পরিশোধসহ স্বপদে পূনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়, যা বোর্ডের পত্র নং ৯১৮/ক/অনু:/১৮/অংশ-১(পাঠ ফাইল)/১৩০ তারিখ ১২/০৬/২০১৮ মোতাবেক আপনাকে নির্দেশক্রমে জানানো হয়। আপনি উক্ত সিদ্ধান্ত পালন না করে "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮" এর বিধান ১৮.১(গ) ধারায় শাস্তি যোগ্য অপরাধ করেছেন। এমতাবস্থায়,

- (১) সংশ্লিষ্ট সিনিয়র সহকারী শিক্ষক (গণিত) জনাব মোঃ আনোয়ারুল সিদ্দিক কে বিধি মোতাবেক তার প্রাপ্য বকেয়া সমূদয় বেতনভাতা অত্র পত্র প্রাপ্তির ০৭ কর্মদিবসের মধ্যে পরিশোধসহ তাঁকে স্বপদে পূনর্বহাল করে উহার লিখিত প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করার জন্য আপনাকে চূড়ান্ত নির্দেশ প্রদান করা হলো।
- (২) বোর্ডের নির্দেশসমূহ লংঘন করায় "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯" এর বিধি ৩৮ অনুযায়ী কেন অত্র প্রতিষ্ঠানের চলমান গভর্নিং বডি ভেঙ্গে দেয়া হবেনা তার কারণ সুস্পষ্ট ব্যাখ্যাসহ আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে পেশ করার জন্য আপনাকে চূড়ান্তভাবে নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

কামাড়াপাড়া স্কুল এন্ড কলেজ [EIN: 108193]


তুরাগ, ঢাকা।

মেমো নং-২১৩(১)

তারিখ: ২৬/০৭/১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৫। পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, উত্তরা, ঢাকা।
- ৭। সভাপতি, কামাড়াপাড়া স্কুল এন্ড কলেজ, তুরাগ, ঢাকা।
- ৮। জনাব মোঃ আনোয়ারুল সিদ্দিক, সিনিয়র সহকারী শিক্ষক (গণিত), কামাড়াপাড়া স্কুল এন্ড কলেজ, তুরাগ, ঢাকা।
- ৯। অফিস কপি।


২৬/০৭/১৮
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

